


প্রকাশ : ১৫ জুলাই, ২০১৭ ১৩:৫১
আপডেট : ১৫ জুলাই, ২০১৭ ১৭:২৯

অনলাইন
ভার্সন

Share
প্রিন্ট করুন 

নিজের বক্তব্যের জন্য মেয়র আনিসুল হকের দুঃখপ্রকাশ

| অনলাইন ডেস্ক



ফাইল ছবি

নিজের বক্তব্যের জন্য দুঃখপ্রকাশ করেছেন ঢাকা উত্তর সিটি করপোরেশনের (ডিএনসিসি) মেয়র আনিসুল হক। গতকাল শুক্রবার এক সাংবাদিকের প্রশ্নের উত্তরে মেয়র বলেছিলেন, 'ঘরে ঘরে গিয়ে মশা মারা সম্ভব না।' সমালোচনার মুখে পড়ায় সেই

বক্তব্যের জন্য আজ শনিবার দুঃখপ্রকাশ করেন
মেয়র।

শনিবার গুলশান-২ নম্বরে মশা নিয়ন্ত্রণে

সচেতনতামূলক র্যালির শুরুতে আনিসুল হক বলেন, গতকাল (শুক্রবার) একজন সাংবাদিক বন্ধু প্রশ্ন করেছিলেন, আমরা মশা নিয়ে নগরবাসীকে সচেতন করছি কি না? আমি আমাদের ছবি (সচেতনতামূলক পোস্টার) দেখিয়ে বলেছিলাম, করছি। কিন্তু আমি কাউকে আঘাত করতে চাইনি। আমি বলতে চেয়েছি ‘বাড়ির ভেতরে ঢোকানোর অধিকার আমাদের সেভাবে নেই। যেভাবে বলেছি সেটা হয়তো ঠিকভাবে বলতে পারিনি। এজন্য কেউ কষ্ট পেয়ে থাকলে আমি দুঃখ প্রকাশ করছি। আমরা আমাদের সর্বাঙ্গিক শক্তি দিয়ে আবার নেমেছি। আমরা অনেক চেষ্টা করছি।

বিডি প্রতিদিন/১৫ জুলাই, ২০১৭/ফারজানা